

# বাংলাদেশ সুপ্রীম কোর্ট

আপীল বিভাগ, ঢাকা।

নং- ৪০৬৪ /২০১২-এস,সি (এডি)  
বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগ, ঢাকা।  
তারিখঃ ৪/০২/১২

## কোটেশন বিজ্ঞপ্তি

আপীল বিভাগে ব্যবহৃত সার্ভারসহ ৮০টি কম্পিউটারের জন্য এন্টি ভাইরাস ক্রয় ও ইনস্টলেশনের নিমিত্ত প্রকৃত কম্পিউটার সংশ্লিষ্ট ব্যবসায়ী প্রতিষ্ঠানের নিকট হইতে সীলমোহরকৃত কোটেশন আহ্বান করা যাইতেছে।


## বিবরণ

| Item/Description  | Quantity                    |
|---|-----------------------------|
| Symantec Endpoint Protection 12.1 (Server Version)<br>Public Sector E-License for 03 years Subscription | 80 Users (Including Server) |

## শর্তাবলী

- আগামী ৮/০১/২০১৩ইং তারিখ বেলা ২-০০ ঘটিকা পর্যন্ত আপীল বিভাগের নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে রক্ষিত টেন্ডার বাক্সে কোটেশন দাখিল করিতে হইবে এবং ঐ দিনই বেলা ২-১৫ ঘটিকার সময় কোটেশন দাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) কোটেশন বাস্তব খোলা হইবে।
- কোটেশনে মূল্য পৃথকভাবে উল্লেখ পূর্বক সর্বমোট মূল্য অবশ্যই উল্লেখ করিতে হইবে এবং হালনাগাদ বৈধ ট্রেড লাইসেন্স ও হালনাগাদ আয়কর রশিদ এবং আনুসঙ্গিক কাগজপত্রাদি সংযুক্ত করতঃ কোটেশন দাখিল করিতে হইবে।
- চাহিদাকৃত সরঞ্জামাদি নিজ খরচে আপীল বিভাগের কম্পিউটার শাখায় পৌঁছাইয়া দিতে হইবে এবং সরবরাহকৃত মালামাল অবশ্যই আনকোরা নতুন হইতে হইবে।
- কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানকে নিজ খরচে অত্র কর্তৃপক্ষের সহিত ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল ষ্ট্যাম্প কম্পিউটার সংশ্লিষ্ট এন্টি ভাইরাস এর ওয়ারেন্টি/গ্যারান্টি ও আনুসঙ্গিক শর্তাবলী সাপেক্ষে লিখিত চুক্তি সম্পাদন করিতে হইবে।
- সরবরাহকৃত এন্টি ভাইরাস এর ৩ (তিন) বৎসর সময়সীমা পর্যন্ত সম্পূর্ণ ওয়ারেন্টি/গ্যারান্টি প্রদান করিতে হইবে। ৩ (তিন) বৎসর পর প্রয়োজন হইলে পরবর্তী ৩ (তিন) বৎসরের জন্য রিনিউ করা হইতে পারে। ওয়ারেন্টিকালে সরবরাহকৃত এন্টি ভাইরাস এর কোন প্রকার সমস্যা দেখা দিলে সরবরাহকারী প্রতিষ্ঠানকে অবহিতকরণের ৩(তিন) ঘন্টার মধ্যে অত্র কোর্টে আসিয়া সমাধান করিয়া দিতে হইবে।
- কোটেশনের সহিত মোট উদ্ধৃত মূল্যের শতকরা ৫% হারে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (ফেরতযোগ্য) নিম্ন স্বাক্ষরকারীর অনুকূলে জমা দিতে হইবে। নগদ অর্থ গ্রহণযোগ্য নহে। ওয়ারেন্টি/গ্যারান্টি সময়সীমা পর্যন্ত এন্টি ভাইরাস সরবরাহকারী প্রতিষ্ঠানের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার ফেরৎ দেওয়া হইবে না।
- কার্যাদেশ প্রাপ্তির ১৫(পনের) দিনের মধ্যে কোটেশনে উল্লেখিত এন্টি ভাইরাস সরবরাহ পূর্বক প্রয়োজনীয় কার্যাদি সম্পন্ন করিতে হইবে এবং চালানসহ ৩(তিন) কপি বিল দাখিল করিতে হইবে।
- সার্ভারসহ ৪০টি কম্পিউটারে এন্টিভাইরাস ইনস্টল করিয়া দিতে হইবে। এন্টিভাইরাস ইনস্টলেশন ও পরবর্তী কার্যক্রম পরিচালনা সংক্রান্ত বিষয়ে ২ (দুই) জন কর্মকর্তা/কর্মচারীকে প্রশিক্ষণ প্রদান করিতে হইবে। এই ক্ষেত্রে প্রয়োজনীয় টি.এ ও ডি.এ প্রদান করিতে হইবে।
- অসম্পূর্ণ, শর্তযুক্ত, কাঁটা-ছেঁড়া বা ফ্লুইড ব্যবহৃত কোটেশন এবং নির্ধারিত সময়ের পরে প্রাপ্ত কোটেশন কোনক্রমেই গ্রহণযোগ্য নহে।
- কর্তৃপক্ষ সর্বনিম্ন কোটেশন গ্রহণে বাধ্য নহেন এবং কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন কোটেশন গ্রহণ অথবা সকল কোটেশন বাতিল করার পূর্ণ ক্ষমতা সংরক্ষণ করেন।

আদেশক্রমে

  
(মোঃ ইসহাক মিয়া)

ডেপুটি রেজিস্ট্রার

বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগ, ঢাকা।

প্রচারের জন্যঃ

- নোটিশ বোর্ড, আপীল বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
- নোটিশ বোর্ড, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
- নোটিশ বোর্ড, ল' কমিশন, ঢাকা।
- নোটিশ বোর্ড, অ্যাটর্নি জেনারেল অফিস, ঢাকা।
- বাংলাদেশ সুপ্রীম কোর্টের ওয়েবসাইট।
- অফিস কপি।